গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-১ শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.২১.৫৭

তারিখ: ২৪ মাঘ ১৪২৮
০৭ ফেব্রুয়ারি ২০২২

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৪.০১.২০২১ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৩৯৩.২০২০-৪২ নম্বর স্মারকমূলে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত নিম্নবর্ণিত প্রার্থীকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ইংরেজি বিষয়ে সহকারী শিক্ষক পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নলিখিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নিয়োগপূর্বক পদায়ন করা হলো:

| ক্রমিক | সুপারিশপ্রাপ্ত প্রার্থীর নাম, পিতার নাম ও রেজিস্ট্রেশন নম্বর | সুপারিশকৃত পদ ও পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| ১. | নাম: শিমুল মল্লিক<br>পিতার নাম: মোঃ শাহজাহান মল্লিক<br>রেজি: নম্বর : ০০৫৯১৮ | সহকারী শিক্ষক<br>(ইংরেজি)<br>পিরোজপুর সরকারি উচ্চ বিদ্যালয়, পিরোজপুর |

শর্তাবলি:

(ক) সরকারের যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই (পুলিশ ভেরিফিকেশন) প্রতিবেদনে প্রার্থীর বিরুদ্ধে পরবর্তীতে কোনরূপ বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে অবিলম্বে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) শিক্ষানবিশকাল সম্পন্ন না হওয়া পর্যন্ত তাকে অনত্র বদলি করা যাবে না। তবে, অনিবার্যকারণে শিক্ষানবিশকালে কর্মস্থল পরিবর্তন আবশ্যক হলে সে ক্ষেত্রে মন্ত্রণালয় যেরূপ উপযুক্ত মনে করবে সেরূপ আদেশ প্রদান করবে;

(ঘ) প্রতিষ্ঠান প্রধান/প্রতিষ্ঠান প্রধানের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বিষয়ভিত্তিক শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রাপ্তদের যোগদানপত্র তাৎক্ষণিকভাবে গ্রহণ করবেন এবং যোগদানপত্রসমূহ সংরক্ষণের নিমিত্ত আনুষ্ঠানিকভাবে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন;

(ঙ) এই প্রজ্ঞাপনে নিয়োগপ্রাপ্তগণের পদের বিপরীতে অন্য কোন বিষয়ের শিক্ষক কর্মরত থাকলে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে উদ্বৃত্ত শিক্ষকদের বিষয়ভিত্তিক শূন্যপদের বিপরীতে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করবে;

(চ) ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রমের পর সরকারি চাকুরি বিধিমালা অনুযায়ী শর্তাদিপূরণ সাপেক্ষে তিনি চাকুরিতে স্থায়ী হবেন। তবে, সরকার চাইলে শিক্ষানবিশকাল বৃদ্ধি করতে পারবে;

(ছ) সরকারিভাবে কোন প্রশিক্ষণ গ্রহণের পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার পর ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(জ) তিনি যদি চাকুরি হতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ছ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঞ) তাকে নিয়োগ প্রাপ্তির ০৫ (পাঁচ) বছরের মধ্যে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ-তে বিএড ডিগ্রি অথবা ডিপ্লোমা ইন ইডুকেশন ডিগ্রি অর্জন করতে হবে;

(ট) তাকে সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করতে হবে;

(ঠ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ড) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঢ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ণ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ত) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(থ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

(দ) প্রার্থী যেসকল সনদপত্রের ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত হয়েছেন যোগদানকালে যোগদান পত্রের সাথে সে সকল সনদের সত্যায়িত ছায়ালিপি (এক সেট) দাখিল করবেন এবং যোগদানপত্রে সদ্যতোলা ছবি সংযুক্ত করবেন;

(ধ) এই প্রজ্ঞাপন প্রকাশের পর কোন মুদ্রণজনিত ত্রুটি/অনিচ্ছাকৃত ভুল পরিলক্ষিত হলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে তা সংশোধনযোগ্য;

(ন) তাকে সরকার/ সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্তৃপক্ষ বাংলাদেশের যে কোন অঞ্চলে নিয়োগ/ পদায়ন করতে পারবে এবং তিনি কোন রকম আপত্তি উত্থাপন ব্যাতীত নিয়োগকৃত/পদায়িত কর্মস্থলে যোগদান করতে বাধ্য থাকবেন;

(প) উল্লিখিত শর্তসমূহ তার নিকট গ্রগণযোগ্য বিবেচিত হলে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পূর্বাহ্নে (একই তারিখে) পদায়িত কর্মস্থলে তাকে আবশ্যিকভাবে যোগদান করতে হবে। অন্যথায় তিনি এই পদে যোগদানে সম্মত নন মর্মে ধরে নেয়া হবে এবং তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০৭.০২..২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.২১.৫৭

তারিখ: ২৪ মাঘ ১৪২৮ / ০৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (নিয়োগপ্রাপ্ত প্রত্যেক শিক্ষকের নামে পৃথক পৃথক ব্যক্তিগত নথি খুলে তাতে প্রার্থী/শিক্ষকের মূল আবেদনপত্র, পুলিশি তদন্ত রিপোর্ট, স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি এক সেট, যোগদান পত্র, অঙ্গিকারনামাসহ আনুষঙ্গিক কাগজপত্র সংরক্ষণ করবেন।
৮। জেলা প্রশাসক (সকল)..........................
৯। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক পদে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি,...................................................... (পদায়িত শিক্ষকের যোগদান পত্র তাৎক্ষণিক গ্রহণপূর্বক যোগদান সংক্রান্ত প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন)।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..............
১৮। জনাব .............................................................................

৭.০২.২২
(আলমগীর হুছাইন)
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন : ৯৫৪৫৯৭৪
ই-মেইল: ds_sec1@moedu.gov.bd